শ্রীগুরু নিতাই-গৌরহরি

শ্রীশ্রীনিত্যানন্দ জন্মস্থান গ্রন্থমালা—৯

# স্মরণ সম্পূট

(আদ্য চয়ন)

তৃতীয় সংস্করণ

ভুবনমঙ্গল শ্রীশ্রীনিত্যানন্দ প্রভুর পূত আবির্ভাব পীঠ
শ্রীশ্রীনিত্যানন্দ জন্মস্থান।
একচক্রা-গর্ভবাস। নিতাইবাড়ি হ'তে সম্পাদিত।


## পরতত্ত্ব প্রকাশন

শ্রীশ্রীনিত্যানন্দ জন্মস্থান সেবামণ্ডল
শ্রীশ্রীএকচক্রাধাম যোগপীঠ
নিতাইবাড়ি ✸ বীরচন্দ্রপুর-৭৩১ ২৪৫ ✸ বীরভূম ✸ পশ্চিমবঙ্গ
দূরভাষ ঃ ০৩৪৬১-২২০ ২২৪ / ২২০ ৩৫০

প্রথম প্রকাশ—শ্রীগুরুপূর্ণিমা। ১৩৯৬ বঙ্গাব্দ।
চতুর্থ প্রকাশ—অক্ষয়-তৃতীয়া। ১৪১৯ বঙ্গাব্দ।



**এই গ্রন্থের সর্বসত্ত্ব সংরক্ষিত। এ গ্রন্থ হতে মুদ্রিত অংশ ছাপতে হলে প্রকাশকের লিখিত অনুমতি চাই।**



**প্রকাশক ঃ**
শ্রীশ্রীনিত্যানন্দ জন্মস্থান সেবামণ্ডল। নিতাইবাড়ি।
বীরচন্দ্রপুর-৭৩১ ২৪৫। বীরভূম। পশ্চিমবঙ্গ।

**প্রাপ্তিস্থান ঃ**
১) শ্রীশ্রীনিত্যানন্দ জন্মস্থান আশ্রম। নিতাইবাড়ি।
ডাকঘর-বীরচন্দ্রপুর। বীরভূম-৭৩১ ২৪৫।
২) শ্রীশ্রীনিতাই-গৌর মন্দির। শ্রীমহেশ পণ্ডিতের শ্রীপাট।
পালপাড়া। চাকদহ। নদীয়া-৭৪১ ২২২।
৩) সহর কার্যালয়—সাহাপাড়া। রহড়া। কলকাতা-৭০০ ১১৮।
যোগাযোগ—০৩৩-২৫২৩ ৬৪০৪/৬৩৩২

**অক্ষর বিন্যাস ঃ**
পরতত্ত্ব প্রকাশন। মুদ্রণ বিভাগ।

**মুদ্রণ ঃ**
তপন কুণ্ডু। কলকাতা- ৭০০ ০৩০

শ্রীগুরু-নিতাই-গৌরহরি

**কৃষ্ণচন্দ্রসমারম্ভাং কৃষ্ণচৈতন্যমধমাম্।**
**অস্মদাচার্য্যপর্যন্তাং বন্দে গুরুপরম্পরাম্।।**

পতিতপাবন শ্রীশ্রীগৌরাঙ্গগণের একান্ত নিজজন, পরমকরুণ শ্রীশ্রীগুরুগণের অহেতুক অনুগ্রহের ফলস্বরূপ বহুবাঞ্ছিত **স্মরণ সম্পুট** পুনঃ প্রকাশিত হচ্ছেন। শ্রীপাদ নরোত্তম ঠাকুর মহাশয় বলেছেন—"মনের স্মরণ প্রাণ।" স্মরণই আমাদের জীবাতু। সেই স্মরণ-সম্পদই থরে থরে সাজানো রইলো, এই বাঙ্‌ময় সম্পুটে। পরমার্থরাজ্যে সম্বন্ধ, প্রসঙ্গ নিয়ে। সেই প্রসঙ্গ-প্রসাদের সৌরভ ও আস্বাদনে, সুষম এই সম্পুট—নিত্যস্মরণীয় বন্দনা, প্রার্থনা, ত্রিসন্ধ্যা-কীর্ত্তন ও নৈমিত্তিক আস্বাদ্য পদ-পদাবলী-মণ্ডিত। মহাজনের কথায় আছে—স্মরণহীন মনই, মৃত। অবিচ্ছিন্ন স্মরণ-মননেই যথার্থ শান্তি। সেই শান্তির পাথেয়ই মিলবে 'স্মরণ সম্পুটে', শরণাগতির পথে। অনুশীলনের প্রথম পাঠ পাব এতে। কৃতার্থ হব। আর আনুগত্যেই, শরণাগতের সর্ব্বসিদ্ধি।

অল্পসময়ের মাঝেই সংকলন ও সংগ্রহের কাজ শেষ করতে হ'ল। তাই মুদ্রণ-প্রমাদ ও সাজানোর ভুল কিছু থাকতে পারে। অদোষদরশী সজ্জন সমীপে প্রার্থনা, তাঁরা এ গ্রন্থ প্রসন্নচিত্তে গ্রহণ করুন। মতামত-প্রকাশে ও উপদেশে পরবর্ত্তী সংস্করণকে পূর্ণ করুন।

জগদ্‌গুরু শ্রীশ্রীনিত্যানন্দ প্রভুর পুণ্য আবির্ভাবপীঠের, সেবাসহায়ক সংঘ—শ্রীশ্রীনিত্যানন্দ জন্মস্থান সেবামণ্ডলের সেবক-অনুসেবকগণের একান্ত আগ্রহেই এই সম্পুটের সংগ্রহ। তাঁরা সকলেই যেন এই সম্পুটের আস্বাদন-অনুভবে কৃতার্থতা লাভ করেন, নিত্যানন্দময় শ্রীগুরুচরণে এই প্রার্থনা।

**ন'দে নীলাচল ব্রজলীলা একাকার। নিত্যানন্দময়-সংকীর্ত্তন-অবতার।।**
**সে শ্রীগুরু-পাদপদ্ম ধেয়ানের ধন। প্রসন্নতা-পরসাদ মাগে অকিঞ্চন।।**

# সূচীপত্র


| বিষয় | পত্রাঙ্ক |
|---|---|
| শ্রীশ্রীগুরুবন্দনা | ১ |
| সপার্ষদ শ্রীগৌরাঙ্গবন্দনা | ২ |
| শ্রীশ্রীবৈষ্ণবশরণ | ৭ |
| শ্রীশ্রীবৈষ্ণববন্দনা | ৮ |
| শ্রীশ্রীঠাকুর মহাশয়ের প্রার্থনা (সংক্ষিপ্ত) | ২০ |
| শ্রীশ্রীমনঃশিক্ষা (সংক্ষিপ্ত) | ২৫ |
| শ্রীশ্রীগুরুদেবাষ্টকম্ | ৩২ |
| শ্রীশ্রীশচীতনয়াষ্টকম্ | ৩৩ |
| শ্রীশ্রীচৈতন্যাষ্টকের অনুবাদ | ৩৪ |
| শ্রীগৌরাঙ্গস্তবকল্পতরুর অনুবাদ | ৩৬ |
| শ্রীশ্রীনিত্যানন্দাষ্টকম্ | ৪২ |
| শ্রীশ্রীমন্নিত্যানন্দপ্রভোরষ্টোত্তর শতনাম স্তোত্রম্ | ৪৩ |
| শ্রীশ্রীব্রজরাজসুতাষ্টকম্ | ৪৫ |
| শ্রীশ্রীরাধাষ্টকম্ | ৪৬ |
| শ্রীশ্রীশিক্ষাষ্টকম্ | ৪৭ |
| শ্রীশ্রীদামোদরাষ্টকম্ | ৪৯ |
| শ্রীশ্রীগৌরকিশোরের মঙ্গলারতি কীর্ত্তন | ৫০ |
| শ্রীশ্রীযুগলকিশোরের মঙ্গলারতি কীর্ত্তন | ৫০ |
| প্রভাতী কীর্ত্তন | ৫১ |
| শ্রীশ্রীনামপূর্ণ-কীর্ত্তন | ৫৮ |
| তিলকধারণ বিধি | ৬০ |
| মধ্যাহ্ন কীর্ত্তন | ৬০ |
| মধ্যাহ্নে শ্রীমন্ মহাপ্রভুর ভোগারতি কীর্ত্তন | ৬১ |
| মধ্যাহ্নে শ্রীকুণ্ড-মিলন আরতি কীর্ত্তন | ৬৬ |
| মধ্যাহ্নে মহাপ্রসাদ গ্রহণকালীন ভজন (অব্যবহিত পূর্বে) | ৬৭ |
| শ্রীশ্রীগৌরাঙ্গের সন্ধ্যারতি কীর্ত্তন | ৬৭ |
| শ্রীশ্রীরাধারাণীর সন্ধ্যারতি কীর্ত্তন | ৬৮ |
| শ্রীশ্রীমদনগোপালের সন্ধ্যারতি কীর্ত্তন | ৬৮ |
| শ্রীশ্রীতুলসীদেবীর সন্ধ্যারতি কীর্ত্তন | ৭০ |
| শ্রীশ্রীগুরুবন্দনা | ৭১ |
| শ্রীভাগবতাদি পাঠের প্রারম্ভ ও সমাহিতি-কীর্ত্তন | ৭১ |
| শ্রীহরিবাসর কীর্ত্তন | ৭২ |
| রাত্রিকালে মহাপ্রসাদ গ্রহণকালীন ভজন (অব্যবহিত পূর্বে) | ৭৩ |
| স্মরণীয় পদাবলী কীর্ত্তন | ৭৩ |
| শ্রীমন্ মহাপ্রভুর অষ্টকালীন লীলাস্মরণ প্রার্থনা | ৮৪ |
| শ্রীশ্রীএকচক্রাধাম-যোগপীঠ স্মরণ-মঙ্গল | ৮৮ |
| শ্রীশ্রীনবদ্বীপধাম-যোগপীঠ স্মরণ-মঙ্গল | ৯১ |
| শ্রীশ্রীবৃন্দাবনধাম-যোগপীঠ স্মরণ-মঙ্গল | ৯১ |
| শ্রীরাধাদামোদর স্মরণ কীর্ত্তন | ৯২ |
| রাধে রাধে স্মরণ কীর্ত্তন | ৯৩ |
| জয়ধ্বনি | ৯৪ |

বন্দেঽহং শ্রীগুরোঃ শ্রীযুতপদকমলং শ্রীগুরূণ্ বৈষ্ণবাংশ্চ
শ্রীরূপং সাগ্রজাতং সহগণরঘুনাথান্বিতং তং সজীবম্।
সাদ্বৈতং সাবধূতং পরিজনসহিতং শ্রীকৃষ্ণচৈতন্যদেবং
শ্রীরাধাকৃষ্ণপাদান্ সহগণললিতা-শ্রীবিশাখান্বিতাংশ্চ।।

## ।। শ্রীশ্রীগুরু-বন্দনা।।

আশ্রয় পাইয়া বন্দোঁ শ্রীগুরু-চরণ।
যাহা হইতে মিলে ভাই কৃষ্ণপ্রেমধন।। ধ্রু।।
জীবের নিস্তার লাগি নন্দসুত হরি।
ভুবনে প্রকাশ হন গুরু-রূপ ধরি।।
মহিমায় গুরু কৃষ্ণ এক করি জান।
গুরু-আজ্ঞা হৃদে সব সত্য করি মান।।
সত্যজ্ঞানে গুরুবাক্যে যাহার বিশ্বাস।
অবশ্য তাহার হয় ব্রজভূমে বাস।।
যার প্রতি গুরুদেব হন পরসন্ন।
কোন বিঘ্নে সেহ নাহি হয় অবসন্ন।।
কৃষ্ণ রুষ্ট হলে গুরু রাখিবারে পারে।
গুরু রুষ্ট হলে কৃষ্ণ রাখিবারে নারে।।
গুরু মাতা গুরু পিতা গুরু হন পতি।
গুরু বিনা এ সংসারে নাহি আর গতি।।
গুরুকে মনুষ্য-জ্ঞান না কর কখন।
গুরু-নিন্দা কভু কর্ণে না কর শ্রবণ।।
গুরু-নিন্দুকের মুখ কভু না দেখিবে।
যথা হয় গুরুনিন্দা তথা না যাইবে।।
গুরুর বিক্রিয়া যদি দেখহ কখন।
তথাপি অবজ্ঞা নাহি কর কদাচন।।
গুরু-পাদপদ্মে রহে যার নিষ্ঠাভক্তি।
জগৎ তারিতে সেহ ধরে মহাশক্তি।।
হেন গুরু-পাদপদ্ম করহ বন্দনা।
যাহা হইতে ঘুচে ভাই সকল যন্ত্রণা।।



গুরু-পাদপদ্ম নিত্য যে করে বন্দন।
শিরে ধরি বন্দি আমি তাঁহার চরণ।।
শ্রীগুরু-চরণপদ্ম হৃদে করি আশ।
শ্রীগুরু-বন্দনা করে সনাতন দাস।।

**ইতি—শ্রীল সনাতনদাসকৃতা শ্রীশ্রীগুরুবন্দনা সমাপ্তা।**

## ।। সপার্ষদ-শ্রীগৌরাঙ্গবন্দনা।।

শ্রীগুরুচরণ বন্দোঁ গৌরাঙ্গ নিতাই!
চরণে শরণ দেহ অদ্বৈত গোসাঞি!!
গদাধর শ্রীনিবাস স্বরূপ নরহরি!
পিয়াও গোরাপ্রেমামৃত মোরে কৃপা করি।।
দয়ার সমুদ্র গৌরপ্রিয় হরিদাস!
মোর পাপচিত্তে কর নামের প্রকাশ।।
শচী! জগন্নাথ! পদ্মা! হাড়াই পণ্ডিত!
অবোধ বালকে দয়া এই সে উচিত।।
অনুগ্রহ করহ কুবের! নাভা দেবি!
তুয়া পুত্র অদ্বৈত-চরণ যেন সেবি।।
লক্ষ্মী-বিষ্ণুপ্রিয়া দেবি! নিজগণ সনে।
কৃপা কর নদীয়া-বিহার রহু মনে।।
বসুধা! জাহ্নবা দেবি! দয়া কর মোরে।
তোমার নিতাই এর লীলা স্ফুরুক আমারে।।
দীনে দয়া কর ওহে মাধব! রত্নাবতি!
তুয়া পুত্র গদাধরপদে রহু মতি।।
মাধবি! মালিনি! দময়ন্তি! দেবি সীতা!
তোমা বিনা গৌরাঙ্গের কে আছে রক্ষিতা।।
বাসুদেব সার্ব্বভৌম ভট্টাচার্য্য ওহে!
তোমার গৌরাঙ্গগুণে মত্ত কর মোহে।।
দাস গদাধর মোরে রাখহ চরণে।
না ভুলিয়ে শ্রীগৌরাঙ্গ জীবনে মরণে।।
গোবিন্দ! গরুড়! কবিচন্দ্র! কাশীশ্বর!
মো অধমে কর নিজ দাসের কিঙ্কর।।
বিশ্বরূপ শ্রীযুত শ্রীবীরচন্দ্র প্রভু!
দেহ পদসেবা যেন না ভুলিয়ে কভু।।

গৌরীদাস আচার্য্য! নন্দন! বনমালী!
এ দুঃখীরে কর নিজ নাছের কাঙ্গালী!!
বিদ্যানিধি! হলায়ুধ! শ্রীরঘুনন্দন!
বারেক করহ ধনী দিয়া প্রেমধন।।
মুরারি! গোবিন্দ! ওহে মুকুন্দ! বাসুঘোষ!
চরণে ধরিয়া বলি ক্ষম মোর দোষ।।
অনন্ত! ঈশ্বর! ওহে মাধবেন্দ্র পুরী!
রাধাকৃষ্ণপ্রেমে মত্ত কর কৃপা করি।।
কেশব ভারতী কৃপা কর এইবার।
বিশ্বম্ভরের লীলা যেন না ছাড়িয়ে আর।।
বাসুদেব দত্ত! উদ্ধারণ! পুরন্দর!
ত্রাণ কর ফুকারয়ে এ দীন পামর।।
দামোদর! শ্রীকর! বল্লভ! সানতন!
নিজগুণে দেহ শুদ্ধ ভকতি লক্ষণ।।
ওহে গৌরপ্রিয় শ্রীআচার্য্য সিংহেশ্বর!
ঘুচাও কুবুদ্ধি হোক্ বিশুদ্ধ অন্তর।।
ওহে গোপীনাথ পট্টনায়ক এইবার।
কৃপা কর মো সম অধম নাহি আর।।
ভাগবত! মাধব আচার্য্য! দয়াময়!
এই কর প্রভুর চরিত্রে মন রয়।।
গৌরপ্রিয় প্রাণ ওহে রূপ-সনাতন!
দেহ শক্তি করি প্রভুর চরিত্র বর্ণন।।
শ্রীজীব! গোপাল ভট্ট! দাস রঘুনাথ!
দন্তে তৃণ ধরি কহি কর আত্মসাৎ।।
চীরঞ্জীব! সুবুদ্ধি মিশ্র! রাঘব! কংসারি!
কর যে উচিত কিছু বলিতে না পারি।।
ওহে গৌরপ্রিয় শুন শ্রীধর ঠাকুর!
লাজ ত্যজি বলিয়ে দুর্গতি কর দূর।।
শ্রীবংশীবদন! বক্রেশ্বর! শিবানন্দ!
দুঃখ ঘুচাইয়া দেহ বারেক আনন্দ।।
শ্রীমধু পণ্ডিত! কাশীমিশ্র! গঙ্গাদাস!
ও পদ ভরসা মোর না কর নৈরাশ।।



কাশীনাথ! হরিভট্ট! বসু রামানন্দ!
দান দেহ শ্রীগৌরচন্দ্রের পদদ্বন্দ্ব।।
ওহে কবি কর্ণপূর বলিয়ে তোমায়।
নিরন্তর মগ্ন কর শ্রীগৌরাঙ্গলীলায়।।
কমলাকর পিপ্পলাই! শুন হে মহেশ!
মো পাপীরে ত্রাণো যশ ঘুষুক অশেষ।।
শ্রীকান্ত! কমলাকান্ত! নিবেদি নিশ্চয়।
বৈষ্ণব-চরণামৃতে যেন নিষ্ঠা হয়।।
ওহে ঝড়ুদাস ইহা পুনঃ পুনঃ বলি।
সর্ব্বস্ব হৌক মোর বৈষ্ণব-পদধুলি।।
ওহে কালিদাস মোর এই বড় আশ।
বৈষ্ণব-উচ্ছিষ্টে যেন বাড়য়ে বিশ্বাস।।
শ্রীজগদানন্দ! কীর্ত্তনীয়া ষষ্ঠীবর!
গৌরগুণ গাই শক্তি দেহ নিরন্তর।।
প্রেমময় শ্রীমীনকেতন-রামদাস!
নিত্যানন্দগুণে মোর করাহ উল্লাস।।
বিজয় দাস! অনুপম কর এই মেন।
গৌরপাদপদ্ম মুঞি না ছাড়িয়ে যেন।।
ওহে ব্রহ্মানন্দ! শ্রীপরমানন্দ পুরী!
ভক্তিপথে সতত রাখহ চুলে ধরি।।
জগাই-মাধাই দুই ভাই দয়া কর।
অনেক জন্মের পাপ ক্ষণেকে সংহার।।
শ্রীচন্দ্রশেখর! রঘুপতি উপাধ্যায়!
এই কর সুসিদ্ধান্ত স্ফূরুক হিয়ায়।।
ওহে শিখি মাহিতি এই কর মোর হিত।
শ্রীকৃষ্ণচৈতন্য-জগন্নাথে রহু প্রীত।।
শ্রীনাথ! তুলসী মিশ্র! কালা কৃষ্ণদাস!
মোরে উদ্ধারিয়া কর মহিমা প্রকাশ।।
সারঙ্গ! সুন্দরানন্দ! গোবিন্দ উদার!
সংসার-যাতনা হতে করহ নিস্তার।।
ওহে রত্নবাহু! ভবানন্দ! ধনঞ্জয়!
কাতরে করিলে দয়া মহিমা বাঢ়য়।।